গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলাবো, নরসিংদী
www.belabo.narsingdi.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৬৮০৭.০১২.১১.০০২.২২- ৮৫০

তারিখ: ১৫ কার্তিক ১৪২৯ / ৩১ অক্টোবর ২০২৩

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

নরসিংদী জেলার বেলাবো উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার) এর শূন্য পদের বিপরীতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৩(১) অনুযায়ী নিম্নোক্ত ভাবে গ্রামপুলিশ (দফাদার/মহল্লাদার) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো। উল্লেখ্য যে, এ কার্যালয়ের ১২/০১/২০২০ খ্রি. তারেখর ৫১ নং স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী যারা আবেদন দাখিল করেছেন, তাদের পুনরায় আবেদন দাখিল করার প্রয়োজন নেই।

| ক্র. নং | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদের নাম | শূন্য পদ সংখ্যা | বেতন/ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|---|
| ০১. | বেলাবো | --- | দফাদার | ০১ | সরকার কর্তৃক নির্ধারিত (৩,৫০০+৩,৫০০)=৭,০০০/-) সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত ভাতাদি প্রাপ্য হইবেন। | **পদোন্নতির ক্ষেত্রে:** মহল্লাদার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ- তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | পদোন্নতি ও সরাসরি নিয়োগের মাধ্যমে |
| ০২. | নারায়নপুর | --- | দফাদার | ০১ | ঐ | ঐ | ঐ |
| ০৩ | পাটুলী | ---- | দফাদার | ০১ | | | |
| ০৪ | বিন্নাবাইদ | ---- | দফাদার | ০১ | ঐ | ঐ | ঐ |
| ০৫. | বেলাবো | ৫ | মহল্লাদার | ০১ | সরকার কর্তৃক নির্ধারিত (৩,২৫০+৩,২৫০)=৬,৫০০/-) সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত ভাতাদি প্রাপ্য হইবেন। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেনী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | সরাসরি নিয়োগের মাধ্যমে |
| ০৬. | বাজনাব | ২,৬ | মহল্লাদার | ০২ | | | |
| ০৭. | পাটুলী | ২,৩ | মহল্লাদার | ০২ | ঐ | ঐ | ঐ |
| ০৮. | বিন্নাবাইদ | ২,৪,৫,৭,৯ | মহল্লাদার | ০৫ | ঐ | ঐ | ঐ |
| ০৯. | আমলাব | ১,৩,৭ | মহল্লাদার | ০৩ | ঐ | ঐ | ঐ |
| ১০ | চর উজিলাব | ১,৬,৮ | মহল্লাদার | ০৩ | ঐ | ঐ | ঐ |
| ১১. | নারায়নপুর | ৬,৯ | মহল্লাদার | ০২ | ঐ | ঐ | ঐ |
| ১২. | সল্লাবাদ | ১,২,৩,৬,৮ | মহল্লাদার | ০৫ | ঐ | ঐ | ঐ |

## নিয়োগের শর্তাবলীঃ-

১। দফাদার প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের এবং মহল্লাদার প্রার্থীকে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডে উপযুক্ত মহল্লাদার প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে যোগ্যতার ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে।

২। আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (বাংলায় ও ইংরেজীতে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (০১.১১.২০২৩ খ্রি. তারিখে) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শারীরিক যোগ্যতার পরিমাপ (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) (ড) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ প্রার্থীকে আবেদনপত্র দাখিল করতে হবে।

৩। দফাদার/মহল্লাদার পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতাঃ
পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-
(অ) সর্বনিম্ন উচ্চতা: ৫ ফুট ২ ইঞ্চি; (আ) বুকের মাপ: ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ); (ই) সর্বনিম্ন ওজন: ৫০ কেজি।
মহিলা প্রার্থীর ক্ষেত্রে-
(অ) সর্বনিম্ন উচ্চতা: ৫ ফুট; (আ) বুকের মাপ: ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); (ই) সর্বনিম্ন ওজন: ৪৫ কেজি।

৪। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ
(ক) প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, (গ) জাতীয় পরিচয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (ঘ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি, (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্রের মূল কপি।
(চ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি।

৫। আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংকের যেকোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, বেলাবো, নরসিংদী এর অনুকূলে দফাদার প্রার্থীকে ৩০০/- (তিনশত) টাকা এবং মহল্লাদার প্রার্থীকে ২০০/- (দুইশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

৬। সরাসরি নিয়োগের ক্ষেত্রে দফাদার/মহল্লাদার পদে প্রার্থীর বয়স ০১/১১/২৩ তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য এর ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। উল্লেখ্য যে, পূর্বে যারা আবেদন দাখিল করেছেন তাদের বয়স ১১.০৪.২০২১ তারিখে ১৮-৩০ বছর বহাল থাকবে।

৭। সরকারী বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে। কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৮। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, বেলাবো, নরসিংদী এর বরাবরে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ২১/১১/২৩ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে। ধার্য তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- টাকার ডাক টিকেটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর মোটা অক্ষরে ইউনিয়ন পরিষদের নাম, পদের নাম, কোটার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১০। প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১১। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।
১২। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসামাত্র কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।
১৩। ইতোপূর্বে যারা আবেদন দাখিল করেছেন , তাদের পুনরায় আবেদন দাখিল করার প্রয়োজন নেই।

স্বা:

**আয়শা জান্নাত তাহেরা**
উপজেলা নির্বাহী অফিসার
বেলাবো, নরসিংদী
ও
সভাপতি
গ্রাম পুলিশ নিয়োগ/পদোন্নতি ও বাছাই কমিটি
ফোনঃ ০২-৯৪৪৯১০০
E-mail:unobelabo@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৬৮০৭.০১২.১১.০০২.২২- ৮৫০/১(২০)

তারিখ: ১৫ কার্তিক ১৪২৯ / ৩১ অক্টোবর ২০২৩

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী।
০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলাবো, নরসিংদী।
০৫। অফিসার ইন-চার্জ, বেলাবো থানা, নরসিংদী।
০৬। চেয়ারম্যান............................................ইউনিয়ন পরিষদ (সকল), বেলাবো, নরসিংদী। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়নে এবং হাট-বাজারে লটকানোসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। জনাব.......................................................বেলাবো সদর, নরসিংদী।
০৮। অফিস কপি।

৩১/১০/২৩

উপজেলা নির্বাহী অফিসার
বেলাবো, নরসিংদী
ও
সভাপতি
গ্রাম পুলিশ নিয়োগ/পদোন্নতি ও বাছাই কমিটি